**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**MARCH 2025** **7:35 AM IST**

==========================================================================

শিলচর শহরের যানজট সমস্যা সমাধানে একটি উড়াল সেতু নির্মাণ করা হবে এবং শিলচরে দুশো শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল নির্মাণের পরিকল্পনা রয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।

গতকাল শিলচর সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালে নতুন ক্রিটিক্যাল কেয়ার ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপন করে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে একথা জানিয়েছেন ।

মুখ্যমন্ত্রী জানান যে ---- বাইট

---

এর আগে মুখ্যমন্ত্রী শিলচরের দেশভক্ত তরুণরাম ফুকন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী সমারোহ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । সেখানে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা কৃত্রিম বুদ্ধিমত্তা, ঔদ্যোগিক ইন্টারনেট, থ্রি-ডি প্রিন্টিং, বৈদ্যুতিক বাহনের প্রযুক্তি ইত্যাদি পাঠ্যক্রমের জন্য ছাত্র-ছাত্রীদের যোগ্য করে তোলা হবে বলে উল্লেখ করেন । সরকারী বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীর সংখ্যা হ্রাস পাওয়ার কথা উল্লেখ করে ডঃ শর্মা বলেন যে-

হাইব্রিড মডেলে শিক্ষা ব্যবস্থা চালু করে ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে । এছাড়া সরকারি বিদ্যালয়ে ছাত্রাবাস এবং ছাত্রবৃত্তিরও ব্যবস্থা করা হবে বলে তিনি জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে- অসমীয়া ভাষা ধ্রুপদী ভাষার মর্যাদা লাভ করার পর অসমীয়া এবং বাংলা ভাষাভাষী লোকেদের মধ্যের বন্ধন আরো শক্তিশালী হয়ে উঠেছে। এই সমন্বয়ের পরিবেশকে সুদৃঢ়ভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বরাক উপত্যকায় অসম সাহিত্য সভার অধিবেশন আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে বরাক উপত্যকার জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---

ভারতীয় জনতা পার্টির রাজ্য সভাপতি তথা সাংসদ দিলীপ শইকীয়া কভিডের সময় আসাম থেকে প্রত্যাহার করা রেল ষ্টেশন গুলিতে পুনরায় রেলগাড়ী রাখার ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানিয়েছেন । গতকাল লোকসভায় রেল মন্ত্রক সম্পর্কীত বিতর্কে অংশ গ্রহণ করে শ্রী শইকীয়া বলেন যে রাজ্যের খৈরাবারী সহ বেশ কয়েকটি রেল ষ্টেশনে কবিডের সময় রেলগাড়ী না রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল । রেলযাত্রীদের দাবীর প্রতি লক্ষ্য রেখে ওই ষ্টেশন গুলিতে পুনরায় রেলগাড়ী রাখার ব্যবস্থা করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন । গৌহাটি থেকে রঙিয়া এবং ওদালগুরি হয়ে ডিব্রুগড় পর্যন্ত বন্দে ভারত এক্সপ্রেস রেল পরিষেবা শুরু করতে এবং গুয়াহাটি ও ওড়িষ্যার জগদলপুরের মধ্যে নতুন রেল পরিষেবা শুরু করারও দাবী জানান ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শত-বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আজ দীক্ষা দান এবং  পরমপুরুষ শ্রীরামকৃষ্ণ নামের একটি নাটক মঞ্চস্থ হবে ।

এছাড়া আগামীকাল আশ্রম প্রাঙ্গনে পুনরায় দীক্ষা দান সহ সন্ধ্যায় বিশেষ যাত্রা পালা মা আমাদের-আমরা মায়ের পরিবেশিত হবে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব গতকাল জিরিবাম-ইম্ফাল নতুন রেল লাইন প্রকল্পের জিরিবাম-খোংসাং সেকশনের কাজ পরিদর্শন করেছেন । পরিদর্শনকালে শ্রীবাস্তব ট্যানেল , সেতু , সিগনালীং সহ পরিকাঠামো সংক্রান্ত সুযোগ-সুবিধাগুলির পর্য্যালোচনা করেন । উল্লেখ্য ১১০ কিলোমিটার দৈর্ঘ্যের জিরিবাম-ইম্ফাল রেল লাইনের জিরিবাম-খোংসাং সেকশনটি ৫৫ কিলোমিটার বিস্তৃত রয়েছে । জিরিবাম - খোংসাং রেল লাইনে বর্তমানে পণ্য পরিষেবা অব্যহত রয়েছে ।

---

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের হাতে প্রধানমন্ত্রী আবাস যোজনার মঞ্জুরী পত্র আজ আনুষ্ঠানিকভাবে বিতরন করা হবে । হাইলাকান্দি শহরের এস এস কলেজের খেলার মাঠে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের মধ্যে এবং বোয়ালিপারের শশীভূষন ইনস্টিটিউট অফ এডুকেশন প্রাঙ্গনে আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের মধ্যে মঞ্জুরী পত্র তুলে দেওয়া হবে । এছাড়া উভয় অনুষ্ঠানে কামরূপ জেলার পলাশবাড়ীর রামপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় থেকে রাজ্য পর্য্যায়ের অনুষ্ঠানে মূখ্যমন্ত্রীর ভাষন সরাসরি বড় পর্দায় দেখানো হবে । উল্লেখ্য আজ হাইলাকান্দি জেলায় ১৪ হাজার ৫১টি প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনার মঞ্জুরী পত্র আনুষ্ঠানিকভাবে বন্টন করা হবে ।

---